

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
[www.dls.gov.bd](http://www.dls.gov.bd)

স্মারক নং- ৩৩.০১.০০০০.১১১.৮১.১৪৪.০৯-৩৭৪০

তারিখ: ২৪/০৯/২০২৪ খ্রি:


বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরধীন পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প (২য় সংশোধিত) এর আওতায় দেশব্যাপী  
পিপিআর টিকা (২য় ডোজ) প্রদান কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশ হতে পিপিআর রোগ নির্মূলের লক্ষ্যে দেশব্যাপী সকল ছাগল ও ভেড়াকে ২য় ডোজ পিপিআর টিকা প্রয়োগ কার্যক্রম আগামী ০১/১০/২০২৪ খ্রিঃ হতে ১৮/১০/২০২৪ খ্রিঃ পর্যন্ত চলবে। উক্ত টিকা প্রদান কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনের জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক গঠিত কেন্দ্রীয় মনিটরিং কমিটির গত ১৮/০৯/২০২৪ খ্রিঃ সভায় সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত-১)। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতিটি উপজেলায় জনপ্রতিনিধি ও স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করে কার্যক্রমটি সম্পন্ন করবেন। কার্যক্রমটি সুচারুরূপে সম্পাদনের জন্য ১ম ডোজ পিপিআর টিকা প্রয়োগের সময় একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছিল তা অনুসরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক গঠিত মনিটরিং টিম সকল কার্যক্রম পর্যবেক্ষণ এবং সমন্বয় করবেন।

**মনিটরিং কমিটির সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ:**

- ১। ০১/১০/২৪ থেকে ১৮/১০/২৪ পর্যন্ত ২য় ডোজ পিপিআর টিকা ওয়ার্ডভিত্তিক উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর এবং সাথে আরও একজন দক্ষ কর্মী দিয়ে মোট ২ জনের টিম দিয়ে পিপিআর টিকা প্রয়োগ করতে হবে।
- ২। বিভাগীয়, জেলা ও উপজেলা মনিটরিং টিম সার্বক্ষণিক মনিটরিং করবেন এবং প্রতিদিন পরিচালক, সম্প্রসারণ বরাবরে টিকা প্রয়োগের প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার ব্যবস্থাপনায় বিভাগীয় পরিচালক/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জেলার সদর উপজেলায় উদ্বোধনের ব্যবস্থা করবেন।
- ৪। টিভি স্ক্রলে ও বিভিন্ন জাতীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা করতে হবে এবং মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরকে প্রচারনার জন্য অনুরোধ করতে হবে।
- ৫। FAO এর মাধ্যমে সিরো-সার্ভিল্যান্স এবং মনিটরিং এর ব্যবস্থা করতে হবে।

সে মোতাবেক ২য় ডোজ পিপিআর টিকা প্রয়োগ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য উপরোল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ করা হলো।

  
(ডা: মোহাম্মদ রেয়াজুল হক)  
মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।  


প্রকল্প পরিচালক

পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প  
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):ঃ

- ১। পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ৩। পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর;

- ৪। পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ৫। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা;
- ৬। পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা;
- ৭। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ৮। পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দীন রোড, ঢাকা;
- ৯। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সংশ্লিষ্ট সকল);
- ১০। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল);
- ১১। অফিসার ইনচার্জ, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- ১২। উপপরিচালক, কৃত্রিম প্রজনন (সংশ্লিষ্ট সকল);
- ১৩। ভেটেরিনারি অফিসার (সংশ্লিষ্ট সকল);
- ১৪। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল);
- ১৫। ভেটেরিনারি সার্জন, (সংশ্লিষ্ট সকল);
- ১৬। ভেটেরিনারি সার্জন, মেট্রো প্রাণিসম্পদ দপ্তর (সংশ্লিষ্ট সকল);
- ১৭। ডা./জনাব.....এবং
- ১৮। অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, (ইহা উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, (ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।